

কুড়িগ্রামে শতাধিক বিদ্যালয় ঝুঁকিপূর্ণ

■ কুড়িগ্রাম প্রতিনিধি

কুড়িগ্রামের শতাধিক সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ হয়ে পড়েছে। এ অবস্থায় ঝুঁকির মধ্যে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান চলছে। জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্র জানিয়েছে, জেলার ৯ উপজেলায় এক হাজার ২১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে গত ২৬ জানুয়ারি সংগৃহীত তালিকা অনুযায়ী ভুরসামারীতে তিনটি, নাগেশ্বরীতে ২১টি, ফুলবাড়ীতে ১১টি, রাজারহাটে ১২টি, রৌমারীতে ৫টি, চিলমারীতে ৩০টি, রাজিবপুরে ১২টি, উলিপুরে ৮টিসহ মোট ১০৭টি বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এদিকে, উলিপুর উপজেলার ভবকপুর ইউনিয়নের উমানন্দ মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় প্রায় ৬ মাস ধরে শিক্ষার্থীদের পাঠদান চলছে খোলা আকাশের নিচে। কর্তৃপক্ষ একাধিকবার আবেদন করা সত্ত্বেও উপজেলা শিক্ষা কমিটির সদ্য প্রণীত ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ের তালিকায় স্থান পায়নি বিদ্যালয়টি।

উমানন্দ মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সোয়া ১২টা পর্যন্ত প্রথম শিফটে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর এবং দুপুর সোয়া ১২টা থেকে বিকেল সোয়া ৪টা পর্যন্ত দ্বিতীয় শিফটে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীর পাঠদান চলছে খোলা আকাশের নিচে। ১৫৫ শিক্ষার্থীর মধ্যে উপস্থিত রয়েছে ৯০ জন। শিক্ষক সংখ্যা ৪।

বিদ্যালয়ের শিক্ষিকা ওয়ালিদা আকতার জানান, ৬ মাস ধরে খোলা আকাশের নিচে শীত, রোদ এবং ঝুঁকির মধ্যে রাস নিতে হচ্ছে।